

পরিশিষ্ট-ম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
আজিমপুর, ঢাকা।

২০-০৫-১৪০৮ বাং

স্মারক নং: পপআ/শা-১/২ই-৯৫/৯০/৩৩৫৮ (অংশ-১)/৩৩৫৭

তারিখ: ০৮-০৯-১৯৯৭ ইং

পরিপত্র

বিষয়: কনডমের মূল্য পুনর্নির্ধারণ (মূল্য বৃদ্ধি) প্রসঙ্গে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৪-৭-৯৭ খ্রিঃ তারিখের স্বাপকমপক-১/পপক-৫০/মূল্য/৯০/২৪৩ নম্বর স্মারকের নির্দেশ মোতাবেক সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণার্থে জানানো যাইতেছে যে, ১লা নভেম্বর ১৯৯০ তারিখ হইতে প্রতি ১২টি কনডমের মূল্য ৫০ (পঞ্চাশ) পয়সা ধার্য ও আদায়ের যে নির্দেশ জারি করা হইয়াছিল উহার আংশিক পরিবর্তনপূর্বক ১লা অক্টোবর, ১৯৯৭ খ্রিঃ তারিখ হইতে প্রতি ১২টি কনডমের মূল্য ১.২০ (এক টাকা কুড়ি পয়সা) মাত্র ধার্য করা হইল। অন্যান্য ব্যবস্থাদি অপরিবর্তিত থাকিবে।

বেসরকারি ও মাল্টিসেক্টরাল প্রতিষ্ঠানসহ সর্বস্তরের মাঠকর্মী, ফ্লিনিক, পরিবার কল্যাণ কেন্দ্র, থানা গুদাম, জেলা সংরক্ষিত পণ্যাগার, আঞ্চলিক এবং কেন্দ্রীয় পণ্যাগারের ৩০-৯-৯৭ খ্রিঃ তারিখে কনডমের স্থিতি ৭-১০-৯৭ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই অধিদপ্তরকে লিখিতভাবে অবহিত করিতে হইবে। জেলার আওতাধীন মাঠকর্মী ও প্রতিষ্ঠানসমূহের মজুদের পরিমাণ পৃথক পৃথকভাবে উল্লেখ করত জেলার সার্বিক মজুদের প্রতিবেদন প্রেরণ করিতে হইবে।

ইহা অতীব জরুরি।

স্বাক্ষরিত

(মোঃ সিরাজুল ইসলাম)

মহাপরিচালক

২০-০৫-১৪০৮ বাং

স্মারক নং: পপআ/শা-১/২ই-৯৫/৯০/৩৩৫৮/১(৬৪০)

তারিখ: ০৮-০৯-১৯৯৭ ইং

অনুলিপি অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল:

১. পরিচালক (সকল) (উপকরণ ও সরবরাহ) এই অধিদপ্তর।
২. উপ-সচিব (উন্নয়ন-পক), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, জেলা .....
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড সেটারস), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।
৫. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, .....জেলা। তিনি তাহার জেলার বেসরকারি/ মাল্টিসেক্টরাল প্রতিষ্ঠানসমূহকে অনুলিপি প্রেরণ করিবেন।
৬. থানা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, .....জেলা .....। (তিনি তাহার থানাধীন বেসরকারি/ মাল্টিসেক্টরাল প্রতিষ্ঠানসমূহকে অবহিত করিবেন)।
৭. সহকারী পরিচালক (পোর্ট কিয়ারেস), আঞ্চলিক পণ্যাগার, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম।
৮. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, চট্টগ্রাম/খুলনা/বগুড়া।
৯. সরবরাহ কর্মকর্তা, পরিবার পরিকল্পনা জেলা সংরক্ষিত গুদাম, জেলা.....।

স্বাক্ষরিত

(এম, এ, তাহের)

পরিচালক (প্রশাসন)